

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

মাননীয়,
বার্তা সম্পাদক

মহাশয়,


নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

১৪-১২-২০২১

গত ১০ ডিসেম্বর, ২০২১ পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের উচ্চশিক্ষা দপ্তর এক ‘অ্যাডভাইজারি’ মারফত রাজ্যের সমস্ত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিকে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের প্রথম, তৃতীয় এবং পঞ্চম সেমিস্টারের পরীক্ষা অনলাইন মোড- এ নেওয়ার পরামর্শ দিয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য কোভিড অতিমারির কারণে দীর্ঘ উনিশ মাস পর গত ১৬ নভেম্বর, ২০২১ থেকে রাজ্যের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে স্বাভাবিক পঠনপাঠন আরম্ভ হয়। রাজ্যের অধিকাংশ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান যখন স্বাভাবিক ছন্দে ফিরছে এবং ছাত্রছাত্রীরাও ‘অনলাইন মোড’ থেকে ‘অফলাইন মোড’-এ নিজেদেরকে মানিয়ে নিতে শুরু করেছে এমতাবস্থায় এমন নজিরবিহীন নির্দেশিকার যৌক্তিকতা আমরা অনুধাবন করতে পারছি না। রাজ্যের উচ্চশিক্ষা দপ্তরের এই নির্দেশিকায় মেধাবী ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ অত্যন্ত ক্ষতিগ্রস্ত হবে বলেই আমাদের আশঙ্কা। আমরা মনে করি উচ্চশিক্ষা দপ্তরের এই নির্দেশিকা কেন্দ্রীয় সরকারের জাতীয় শিক্ষানীতি-২০২০ বাস্তবায়নের ক্ষেত্রে প্রশস্ত করবে। আমরা উচ্চশিক্ষা দপ্তরের এই নির্দেশিকা পুনর্বিবেচনার দাবি জানাই।


ধন্যবাদ সহ



(শুভোদয় দাশগুপ্ত)

সভাপতি

মোবাইল নং ৯৮৩১২০১৮৫২



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪